Department of Education
Carmen Fariña, Chancellor

আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট–ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন আমাদের স্কুলগুলোয় নিরাপদ, সুরক্ষিত এবং সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে প্রতিদিন শেখান ও শেখার কাজ হয়ে থাকে। একটি সুরক্ষিত এবং সহায়ক স্কুল নির্ভর করে স্কুল কম্যুনিটির সকল সদস্যের প্রচেষ্টার উপর – যেমন শিক্ষকবৃন্দ, প্রশাসক, পিতামাতা, কাউন্সেলর, সমাজ কর্মী, নিরাপত্তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ, সম্পৃক্ত পরিসেবা প্রদানকারী, ক্যাফেটেরিয়া, কাস্টোডিয়াল এবং বাস কর্মীদের একে অপরের প্রতি শ্রদ্ধাশীল থাকার উপর।

পাবলিক স্কুলসমূহের আশে পাশে একটি শৃঙ্খলাপূর্ণ ও নিরাপদ পরিবেশ বজায় রাখা গুরুত্বপূর্ণ যেখানে শিক্ষার্থীরা তাদের উচ্চ অ্যাকাডেমিক মান পূরণ, শিক্ষকগণ ঐ মান অর্জনে শিক্ষাদান করতে পারেন, এবং পিতামাতাগণ যাতে নিশ্চিত থাকতে পারেন যে, একটি নিরাপদ এবং ইতিবাচক স্কুল পরিবেশে তাদের ছেলেমেয়েরা শিক্ষা লাভ করছে।

স্টেট আইন অনুযায়ী এটি আবশ্যক যে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ডিস্ট্রিক্ট–ভিত্তিক একটি সুরক্ষা পরিকল্পনা তৈরি করবে যার অন্তর্ভুক্ত থাকবে একটি সামগ্রিক সিটি–ভিত্তিক পরিকল্পনা যেটির মাধ্যমে জরুরি ব্যবস্থপনা এবং আপদকালীন হস্তক্ষেপ এবং একটি আচরণের বিধি –যার অন্তর্ভুক্ত শৃঙ্খলা বিধি, প্রণয়ন করা যায়। এছাড়া, প্রতিটি স্কুলকে অবশ্যই তার বিল্ডিং লেভেলে সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে, যা বিল্ডিংয়ের সুরক্ষা প্রক্রিয়া প্রতিষ্ঠা করে – এর মধ্যে থাকবে ভিজিটর নিয়ন্ত্রণ, জরুরি অবস্থার কারণে শিক্ষার্থী অপসারণ এবং অন্য স্কুল–নির্দিষ্ট জরুরি ব্যবস্থা। নিউ ইয়র্ক সিটি ডিস্ট্রিক্ট–ভিত্তিক সুরক্ষা পরিকল্পনায় ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নীতিমালা এবং প্রক্রিয়া নির্ধারিত এবং বর্ণিত আছে যা অনুসরণের মাধ্যমে একটি নিরাপদ এবং শৃঙ্খলাপূর্ণ শিক্ষণ পরিবেশ বজায় থাকে – এর মধ্যে রয়েছে সহিংস কোন ঘটনায় অথবা অন্য কোন অপরাধমূলক কর্মকাণ্ডে সিস্টেম কীভাবে ব্যবস্থা নেবে, কীভাবে পিতামাতা এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদেরকে সিস্টেম অবহিত করবে, এবং কী কৌশল অবলম্বন করে সম্ভাব্য সহিংস আচরণ অনুসন্ধান এবং শিক্ষার্থীদের মাঝে এবং শিক্ষার্থী ও স্কুল কতৃপক্ষের মাঝে যোগাযোগের উন্নতি সাধন করবে।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের আচরণ বিধির অন্তর্ভুক্ত শিক্ষার্থী শিক্ষণে সহায়তাদানে সিটিওয়াইড আচরণগত প্রত্যাশা। এই ডকুমেন্টের মধ্যে আছে শিক্ষার্থী হস্তক্ষেপ এবং শৃঙ্খলা বিধি, তাছাড়াও রয়েছে শিক্ষার্থী অধিকার এবং দায়িত্বের বিল, কে–১২। শৃঙ্খলা বিধির অন্তর্ভুক্ত বিধি লঙ্ঘনের ক্ষেত্রে পিতামাতাগণ এবং আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিতকরণের প্রক্রিয়া।

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

শিক্ষার্থী এবং স্কুল কর্মীদের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিতকরণে নিচের সেটগুলি ডিওই-র ডিস্ট্রিক্ট-ভিত্তিক

A. সুরক্ষা পরিকল্পনা এবং আচরণ বিধির নীতি এবং প্রক্রিয়ার প্রধান অংশসমূহের বিবরণ দেয়। এর মধ্যে আছে:

1. হুমকি এবং সহিংসতা অথবা অপরাধমূলক আচরণ রোধের নীতি;
2. প্রশিক্ষণ এবং মোতায়েনসহ স্কুল সুরক্ষা কর্মচারীদের বিবরণ;
3. স্কুলে সংঘটিত কোন অপরাধমূলক অথবা অন্য জরুরি ঘটনা যথাযথ আইন প্রয়োগকারী কর্মচারী, পিতামাতা এবং স্কুল কম্যুনিটিকে অবহিতকরণের প্রক্রিয়া;
4. শিক্ষার্থী এবং পিতামাতাদের জন্য লভ্য প্রতিকার এবং হস্তক্ষেপ কৌশলের বিবরণ।

B. অপরাধজনিত হুমকি এবং কর্মকাণ্ডে ব্যবস্থা গ্রহণের নীতি এবং প্রক্রিয়া

স্কুল কর্তৃপক্ষ অবশ্যই আপরাধজনিত আচরণের হুমকি অথবা কর্মকাণ্ড, যা শারীরিক আঘাত থেকে বোমার-হুমকি পর্যন্ত হতে পারে, তার ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তুত থাকবে। চ্যান্সেলরের প্রবিধান এবং নীতিমালায় স্কুল-সম্পর্কিত ঘটনা অথবা অপরাধ, শিক্ষার্থী অথবা স্কুল কর্মী কর্তৃক সংঘঠিত কোন অপরাধ, অথবা স্বাস্থ্য-সংক্রান্ত জরুরি অবস্থায় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের অবহিতকরণের প্রক্রিয়ার উল্লেখ আছে। (নিচের প্রধান ডকুমেন্টগুলো দেখুন)।

C. তল্লাশি প্রক্রিয়া

শিক্ষার্থীদের অযৌক্তিক তল্লাশি এবং আটকাদেশ থেকে মুক্ত থাকার সাংবিধানিক অধিকার রয়েছে। কোন শিক্ষার্থীর শরীর এবং তার জিনিসপত্র শুধু তখনই সার্চ করা যাবে যদি স্কুল কর্তৃপক্ষ যৌক্তিক সন্দেহ থেকে বিশ্বাস করে যে, তল্লাশি থেকে প্রমাণ বের হবে যে শিক্ষার্থী আইন অথবা ডিপার্টমেন্টের শৃঙ্খলার মান লঙ্ঘন করেছে। তল্লাশির পরিধি এবং পরিসর অবশ্যই যৌক্তিকভাবে তল্লাশির উদ্দেশ্যের সাথে সম্পর্কিত থাকবে এবং তা শিক্ষার্থীর বয়স এবং লিঙ্গ এবং আইন লঙ্ঘনের প্রকৃতির সাথে যেন অতিরিক্তভাবে সম্পৃক্ত না হয়। শিক্ষার্থীদের, তাদের বিভিন্ন জিনিসপত্র এবং লকার সার্চ করার প্রক্রিয়া চ্যান্সেলরের প্রবিধান A-412 এবং A-432-তে বর্ণিত আছে।

D. স্কুল সুরক্ষা কর্মী

১৯৯৮-এরসেপ্টেম্বরে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং নিউ ইয়র্ক সিটির পুলিশ ডিপার্টমেন্টের ("এনওয়াইপিডি") মধ্যে একটি যৌথ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ডিপার্টমেন্ট অভ এডুকেশন, চ্যান্সেলর, এবং সিটি অভ নিউ ইয়র্কের একটি চুক্তি হয় যার অধীনে স্কুল সুরক্ষার কাজকর্মের – এর মধ্যে আছে স্কুল সুরক্ষা কর্মীদের প্রশিক্ষণ এবং ব্যবস্থাপনা, দায়িত্ব এনওয়াইপিডি-

র ওপর দেয়া হয়। ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং সিটি অভ নিউ ইয়র্কের মধ্যে চুক্তি অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমের স্কুল সুরক্ষা কর্মীদের নিয়োগ, প্রশিক্ষণ, মোতায়েন এবং মূল্যায়ন এনওয়াইপিডি কর্তৃক হয়।

এই চুক্তির অধীনে, এনওয়াইপিডি-র স্কুল সেফটি ডিভিশনের কমান্ডিং অফিসারের দায়িত্ব নিরাপত্তা কর্মী মোতায়েন পরিকল্পনা তৈরি এবং স্কুল সেফটি রিসোর্স বরাদ্দ দান। এই দায়িত্ব পালনকালে, নিচের বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে:

- স্কুলের শিক্ষার্থী সংখ্যা
- বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীর সংখ্যা
- স্কুল সম্পত্তির বিন্যাস এবং সাইজ
- স্ক্যানিংয়ের আবশ্যকতা
- শিক্ষক সংখ্যা
- স্কুল সেফটি অফিসারদের কর্ম ব্যস্ততা
- স্থানীয় অপরাধের অবস্থা
- নিকটবর্তী স্কুলসমূহের উপর প্রভাব
- স্কুলে অপরাধজনিত ঘটনার সংখ্যা

E. বিল্ডিং-স্তরে স্কুল সুরক্ষা পরিকল্পনা

চ্যান্সেলরের প্রবিধান A-414 অনুযায়ী, প্রত্যেকটি স্কুল অবশ্যই বিল্ডিং-স্তরে স্কুল সেফটি পরিকল্পনা তৈরির লক্ষ্যে স্কুল-ভিত্তিক একটি সুরক্ষা টিম প্রতিষ্ঠা করবে। পরিকল্পনায়, অন্যান্য বিষয় ছাড়াও, বর্ণিত আছে স্কুল বিল্ডিংয়ের প্রবেশ পথ এবং দর্শনার্থী নিয়ন্ত্রণ প্রক্রিয়া; স্কুল কর্তপক্ষের পদমর্যাদার শ্রেণিবিন্যাস, নিরাপত্তার দায়িত্বে নিযুক্তি এবং সময়সূচি; প্রবেশ প্রক্রিয়া; জরুরি পরিস্থিতিতে যোগাযোগের প্রণালী, এর মধ্যে আছে যথাযথ আইন প্রয়োগকারী ব্যক্তিদের নাম এবং ফোন নম্বর; এবং সীমিত চলাচল ক্ষমতাসম্পন্ন শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীর অপসরণ প্রক্রিয়া। প্রত্যেক পরিকল্পনায় বর্ণিত আছে শিক্ষার্থী এবং স্কুল-কর্মীদের জন্য সব ধরনের জরুরি অবস্থা মোকবেলায় বিল্ডিংয়ের ব্যবস্থাগ্রহণকারী টিমের ভূমিকা এবং প্রশিক্ষণ। প্রতিটি বিল্ডিং স্তরের পরিকল্পনায় জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণের নিয়ম-নীতি প্রতিষ্ঠিত আছে, যেমন ক্ষতিকর বর্জ উপচে পড়া, দর্শনার্থী প্রবেশ, বোমার হুমকি, পণ-বন্দী অথবা গোলাগুলির পরিস্থিতি; এসব অবস্থায় অপসারণ, আশ্রয় প্রদান, অথবা তালা ঝোলানোর মতো কী করতে হবে সেসব। বিল্ডিং-স্তরের পরিকল্পনাসমূহ অবশ্যই অফিস অভ সেফটি অ্যান্ড ডেভোলাপমেন্ট কর্তৃক তৈরি সেফটি পরিকল্পনা টেমপ্লেটের সাথে সমন্বিত এবং

প্রতিবছর অবশ্যই হালনাগাদকৃত হবে। স্টেট এডুকেশন আইন অনুযায়ী, বিল্ডিং স্তরের ইমারজেন্সি পরিকল্পনাসমূহ অবশ্যই গোপনীয় থাকবে এবং সেগুলি প্রকাশ করা হবে না।

F. <u>প্যারেন্ট নোটিফিকেশন</u>

স্কুলে কোন সহিংসতা ঘটানোর হুমকি অথবা ঘটনা ঘটানোর ফলে পুরো স্কুল কম্যুনিটির উপর অভিঘাত পড়ে। সহিংসতার কোন হুমকি থাকলে অথবা সহিংস ঘটনা ঘটলে, স্কুল কর্তৃপক্ষকে যথাযথ আইন প্রয়োগকারী এজেন্সির সাথে যোগাযোগের জন্য প্রস্তুত থাকতে এবং অবশ্যই অবিলম্বে, স্কুল কম্যুনিটিকে জানাতে হবে বিশেষকরে স্কুলে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতাকে। চ্যান্সেলরের প্রবিধান এবং ডিওই-র নীতিমালা এবং প্রক্রিয়াতে পিতামাতাদের জানানোর পদ্ধতি বর্ণিত আছে(নিচের মূল ডকুমেন্টগুলো দেখুন)।

G. <u>শৃঙ্খলা এবং হস্তক্ষেপ কৌশল</u>

শিক্ষার্থী শিক্ষণে সহায়তা প্রদানে সিটিওয়াইড আচরণগত প্রত্যাশার (“শৃঙ্খলা বিধি”) (http://schools.nyc.gov/RulesPolicies/DisciplineCode/default.htm) মধ্যে আছে শিক্ষার্থী হস্তক্ষেপ এবং শৃঙ্খলা বিধি এবং শিক্ষার্থী অধিকার এবং দায়িত্বের বিল, কে-১২। এই ডকুমেন্টটি আচরণের মান বোঝার সহায়তায় গাইডলাইন প্রতিষ্ঠার মাধ্যমে দায়িত্ব সম্পন্ন শিক্ষার্থী আচরণ এবং মর্যাদা ও শ্রদ্ধার একটি পরিবেশ গড়ে তোলে যা সকল শিক্ষার্থী মেনে চলবে বলে প্রত্যাশিত এবং এই মান পূরণ না করলে তার পরিণতি কী সেসম্পর্কেও অবগত থাকবে। এর অন্তর্ভুক্ত বিভিন্ন ধরনের অনুমোদনযোগ্য শৃঙ্খলা-সংক্রান্ত ব্যবস্থাগ্রহণ এবং হস্তক্ষেপ যা অসদাচরণের কোন ঘটনায় স্কুলগুলো নিতে পারে।

প্রত্যেক স্কুল শিক্ষার্থীদেরকে একটি সহায়ক পরিবেশ প্রদানের লক্ষ্যে একটি উন্নত স্কুল আবহ এবং সংস্কৃতি তৈরি করবে বলে প্রত্যাশিত যেখানে শিক্ষার্থীরা লেখাপড়ায় ও সামাজিক দিক দিয়ে সমৃদ্ধ হয়ে বেড়ে উঠবে। সামাজিক মানসিক শিক্ষণের জন্য অর্থবহ সুযোগসহ বিভিন্ন ইতিবাচক আচরণ সহায়তা প্রদান করে শিক্ষার্থীদের সমাজমূখী আচরণ বৃদ্ধিতে স্কুলগুলো সক্রিয় ভূমিকা রাখবে সেটিই প্রত্যাশিত।

শিক্ষণে ব্যাঘাত ঘটায় এমন অনুপযুক্ত শিক্ষার্থী আচরণে ব্যবস্থা গ্রহণের দায়িত্ব স্কুল কর্মী সদস্যগণের। প্রশাসক, শিক্ষকমণ্ডলী, কাউন্সিলর এবং অন্যান্য স্কুল কর্মচারীগণ প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে হস্তক্ষেপ ও নিরোধ কৌশলের সাথে সংশ্লিষ্ট করবেন এবং কৌশলসমূহ নিয়ে শিক্ষার্থী ও পিতামাতাদের সাথে আলোচনা করবেন সেটিই প্রত্যাশিত।

হস্তক্ষেপ কৌশল শৃঙ্খলা বিধিতে বর্ণিত আছে। মধ্যস্থতা বা হস্তক্ষেপ এবং প্রতিরোধ পদ্ধতির অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, গাইডেন্স সহায়তা এবং পরিসেবা যা ব্যক্তিগত এবং পারিবারিক

পরিস্থিতির ক্ষেত্রে ব্যবহৃত হয়; সামাজিক/মানসিক শিক্ষণ, যেমন দ্বন্দ্ব নিরসন/সতীর্থ মধ্যস্থতা/সমঝোতা, পুনুরুদ্ধার চক্র, ক্রোধ ব্যবস্থাপনা, মানসিক চাপ ব্যবস্থপনা, এবং/অথবা যোগাযোগের দক্ষতা অর্জন; বিকল্প শিক্ষা সামগ্রী এবং/অথবা পদ্ধতির ব্যবহার; সমৃদ্ধি পরিসেবা; বিকল্প ক্লাসে যোগদান; এবং/অথবা কার্যকরী আচরণগত মূল্যায়ন এবং আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা যা প্রাথমিক হস্তক্ষেপের কৌশন হিশেবে গড়ে তুলতে এবং/অথবা পর্যালোচনা করা হবে।

হস্তক্ষেপ এবং প্রতিরোধ কৌশল ব্যবহার যা শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত রাখে এবং একটি স্পষ্ট লক্ষ্যের ধারণা প্রদান করে, তার মাধ্যমে স্কুল কর্মী সদস্যগণ শিক্ষার্থীদের অ্যাকাডেমিক এবং সামাজিক-মানসিক বিকাশকে সহজতর করে এবং তাদের স্কুল নিয়ম-কানুন ও নীতি মেনে চলায় সাহায্য করে।

সর্বাধিক শিক্ষণ পরিবেশ অর্জনে ক্লাসরুমে শিক্ষকগণ বিভিন্ন ধরনের অ্যাকাডেমিক এবং আচরণগত কৌশল এবং পদ্ধতি ব্যবহার করেন। আন্ত:বিষয়ক টিমসমূহ যার অন্তর্ভুক্ত সহায়ক কর্মীবৃন্দ যেমন গাইডেন্স কউন্সেলর তারা প্রত্যেকটি স্কুলের অংশ। “ঝুঁকিতে আছে” এমন শিক্ষার্থীদের নির্দিষ্ট সমস্যা সমাধানে কৌশল অবলম্বন ও বাস্তবায়নের জন্য এই টিমগুলি নিয়মিত ভিত্তিতে মিলিত হয়।

Department of Education
Carmen Fariña, Chancellor

মূল ডকুমেন্টসমূহ

নিচের মূল ডকুমেন্টগুলির মধ্যে আছে ডিস্ট্রিক্টের স্কুল সুরক্ষা পরিকল্পনা এবং আচরণ বিধি:

শৃঙ্খলাবিধি এবং শিক্ষার্থী অধিকার ও দায়বদ্ধতার বিল, কিন্ডারগার্টেন – ১২ গ্রেড

চ্যান্সেলরের প্রবিধান A-411 আচরণগত সংকট নিরসন/হস্তক্ষেপ এবং 911 নম্বরে যোগাযোগ (http://schools.nyc.gov/NR/rdonlyres/5DA279FE-5664-4B3D-86CB-659EFFBA3D8D/0/A411_52115.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-412 স্কুলে নিরপত্তা (http://schools.nyc.gov/NR/rdonlyres/78BB9C02-2634-4EC2-955D-7097DD511E06/0/A412RegwAdvisory22615.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-413, স্কুলে সেলফোন ও অন্যান্য ইলেক্ট্রনিক সামগ্রী (http://schools.nyc.gov/NR/rdonlyres/8C04CC15-F156-4578-9775-53B98638D650/0/A413Final22615.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-414 সুরক্ষা পরিকল্পনা (http://schools.nyc.gov/NR/rdonlyres/381F4607-7841-4D28-B7D5-0F30DDB77DFA/80066/A414FINAL.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-418 যৌন অপরাধীর নোটিফিকেশন (http://docs.nycenet.edu/docushare/dsweb/Get/Document-152/A-418%20%204-11-06.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-420 শারীরিক শাস্তি (http://docs.nycenet.edu/docushare/dsweb/Get/Document-19/A-420__11-16-04.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-421 গালিগালাজ করা (http://docs.nycenet.edu/docushare/dsweb/Get/Document-20/A-421.doc.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-432 তল্লাশি এবং জব্দকরণ (http://docs.nycenet.edu/docushare/dsweb/Get/Document-21/A-432.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-443 শিক্ষার্থী শৃঙ্খলা প্রক্রিয়া http://docs.nycenet.edu/docushare/dsweb/Get/Document-22/A-443.pdf

চ্যান্সেলরের প্রবিধান A-450 অনিচ্ছাকৃত বদলির প্রক্রিয়া (http://schools.nyc.gov/NR/rdonlyres/381F4607-7841-4D28-B7D5-0F30DDB77DFA/97053/A4501202011FINAL.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-750 শিশু নিগ্রহ (http://schools.nyc.gov/NR/rdonlyres/381F4607-7841-4D28-B7D5-0F30DDB77DFA/97056/A7501202011FINAL.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-755 আত্মহত্যা প্রতিরোধ/হস্তক্ষেপ (http://schools.nyc.gov/NR/rdonlyres/381F4607-7841-4D28-B7D5-0F30DDB77DFA/109109/A75581811FINAL.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-830 বেআইনী বৈষম্য/হয়রানির আভ্যন্তরীণ অভিযোগ দাখিল (http://schools.nyc.gov/NR/rdonlyres/8D6081A7-2945-40C1-90B7-F725BD4FA5D5/0/A830.pdf)

চ্যান্সেলরের প্রবিধান A-831 সতীর্থ যৌন হয়রানি (http://schools.nyc.gov/NR/rdonlyres/821E130E-8DCB-4787-A6B9-2968D587359A/0/A831101211.pdf)

Department of Education
Carmen Fariña, Chancellor

চ্যান্সেলরের প্রবিধান A-৪৩২ শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর পক্ষপাতমূলক হয়রানি, ভীতি-প্রদর্শন, এবং/অথবা বুলিইং
(http://schools.nyc.gov/NR/rdonlyres/55EF6553-0FE8-40A0-8B3B-2D255D28A84D/0/A832.pdf)
পিতামাতার অধিকার এবং দায়বদ্ধতার বিল
(http://schools.nyc.gov/RulesPolicies/ParentBillofRights/default.htm)

1. <u>বিল্ডিং-স্তরে স্কুল সুরক্ষা পরিকল্পনা</u>

চ্যান্সেলরের প্রবিধান A-414 অনুযায়ী, প্রত্যেকটি স্কুল অবশ্যই বিল্ডিং-স্তরে স্কুল সেফটি পরিকল্পনা তৈরির লক্ষ্যে স্কুল-ভিত্তিক একটি সুরক্ষা টিম প্রতিষ্ঠা করবে। পরিকল্পনায়, অন্যান্য বিষয় ছাড়াও, বর্ণিত আছে স্কুল বিল্ডিংয়ের প্রবেশ পথ এবং দর্শনার্থী নিয়ন্ত্রণ প্রক্রিয়া; স্কুল কর্তপক্ষের পদমর্যাদার শ্রেণিবিন্যাস, নিরাপত্তার দায়িত্বে নিযুক্তি এবং সময়সূচি; প্রবেশ প্রক্রিয়া; জরুরি পরিস্থিতিতে যোগাযোগের প্রণালী, এর মধ্যে আছে যথাযথ আইন প্রয়োগকারী ব্যক্তিদের নাম এবং ফোন নম্বর; এবং সীমিত চলাচল ক্ষমতাসম্পন্ন শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীর অপসরণ প্রক্রিয়া। প্রত্যেক পরিকল্পনায় বর্ণিত আছে শিক্ষার্থী এবং স্কুল-কর্মীদের জন্য সব ধরনের জরুরি অবস্থা মোকবেলায় বিল্ডিংয়ের ব্যবস্থাগ্রহণকারী টিমের ভূমিকা এবং প্রশিক্ষণ। প্রতিটি বিল্ডিং স্তরের পরিকল্পনায় জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণের নিয়ম-নীতি প্রতিষ্ঠিত আছে, যেমন ক্ষতিকর বর্জ উপচে পড়া, দর্শনার্থী প্রবেশ, বোমার হুমকি, পণ-বন্দী অথবা গোলাগুলির পরিস্থিতি; এসব অবস্থায় অপসারণ, আশ্রয় প্রদান, অথবা তালা ঝোলানোর মতো কী করতে হবে সেসব। বিল্ডিং-স্তরের পরিকল্পনাসমূহ অবশ্যই অফিস অভ সেফটি অ্যান্ড ডেভালাপমেন্ট কর্তৃক তৈরি সেফটি পরিকল্পনা টেমপ্লেটের সাথে সমন্বিত এবং প্রতিবছর অবশ্যই হালনাগাদকৃত হবে। স্টেট এডুকেশন আইন অনুযায়ী, বিল্ডিং স্তরের ইমারজেন্সি পরিকল্পনাসমূহ অবশ্যই গোপনীয় থাকবে এবং সেগুলি প্রকাশ করা হবে না।

মূল ডকুমেন্টসমূহ
নিচের মূল ডকুমেন্টসমূহ বিল্ডিং-স্তরের স্কুল সুরক্ষা পরিকল্পনার জন্য সহায়ক:
চ্যান্সেলরের প্রবিধান A-414 (http://schools.nyc.gov/NR/rdonlyres/381F4607-7841-4D28-B7D5-0F30DDB77DFA/80066/A414FINAL.pdf)
স্কুল সুরক্ষা বিষয়ে পিতামাতা নির্দেশিকা(পোস্ট করা হবে)